



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৪.২২.১২৫১

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩০  
২০ আগস্ট ২০২৩

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর স্মারক ০৫.৪১.৫৪০০.১১১.২৭.০০৩.২৩-২৮৮/২, তারিখ: ০৫ জুলাই ২০২৩।

যেহেতু, আপনি জনাব মোঃ সুমন হাওলাদার মাদারীপুর জেলার শিবচর পৌরসভার ০৯ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে দায়িত্ব পালনকালীন আপনি পৌরসভার পরিষদের ১২টি সভায় ধারাবাহিকভাবে অনুপস্থিত রয়েছেন; এবং

২। যেহেতু, আপনি যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিদেশ গমন করেছেন এবং সপরিবারে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন মর্মে জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর কর্তৃক সরেজমিন তদন্তে প্রমাণিত হয়েছে; এবং


৩। উল্লেখ্য, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ (১)-এ নিম্নবর্ণিত বিধান রয়েছে:

৩১(১) মেয়র অথবা কাউন্সিলর তাহার নিজ পদ হইতে অপসারণযোগ্য হইবেন, যদি তিনি—

- (ক) পৌরসভার নোটিশ প্রাপ্তি স্বত্বেও যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে পরিষদের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন;
- (খ) পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কোন কার্যকলাপে জড়িত থাকেন অথবা নৈতিক স্বলনজনিত অপরাধে আদালত কর্তৃক দণ্ডিত হন;
- (গ) দায়িত্ব পালন করিতে অস্বীকার করেন অথবা শারীরিক বা মানসিক অসামর্থের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন;
- (চ) বার্ষিক ১২টি মাসিক সভার স্থলে অন্যান্য নয়টি সভা গ্রহণযোগ্য কারণ ব্যতীত অনুষ্ঠান করিতে বা উপস্থিত থাকিতে ব্যর্থ হন।

৪। সেহেতু, আপনার বিরুদ্ধে শিবচর পৌরসভার পরিষদের ১২টি সভায় ধারাবাহিকভাবে অনুপস্থিত থাকা এবং যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিদেশ গমনের অভিযোগ প্রমাণিত হওয়ায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ (১)(ক),(খ),(গ) ও (চ) অনুযায়ী পৌরসভার কাউন্সিলর পদ হতে কেন আপনাকে অপসারণ করা হবে না এই মর্মে আত্মপক্ষ সমর্থনের জন্য আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের ছায়ািলপি।

  
২০/০৮/২০২৩

মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

জনাব মোঃ সুমন হাওলাদার

পিতা: মোঃ আবুল হাসেম হাওলাদার

ঠিকানা: নলগোড়া, শিবচর, মাদারীপুর

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. জেলা প্রশাসক, মাদারীপুর
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
৬. মেয়র, শিবচর পৌরসভা, মাদারীপুর
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)